# Times Today BD

জেলা প্রতিনিধি | বরিশাল | 14 April, 2025

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পিবিপ্রবি) নানা আয়োজনের মধ্য দিয়ে বাংলা নতুন বছরকে (১৪৩২ বঙ্গাব্দ) বরণ করা হয়েছে। এ উপলক্ষে অদ্য ১৪ এপ্রিল ২০২৫ তারিখ সকাল ১১:০০টায় আনন্দ শোভাযাত্রা এবং পরে শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম প্রশাসনিক ভবন প্রাঙ্গণে আনন্দ শোভাযাত্রা উদ্বোধন করেন।তিনি বলেন, আজ পহেলা বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ।এ দিনটি আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতি ভালোবাসার দিন।আজ একটি নতুন দিনের, নতুন বছরের আগমন।এদিন আমরা নতুন করে স্বপ্ন দেখি, নতুন করে পথচলার প্রতিজ্ঞা করি।পুরনো দিনের সকল গ্লানি, মলিনতা ধুয়ে যাক এটাই আমাদের প্রত্যাশা।

পিবিপ্রবি উপাচার্য আরও বলেন, নতুন বছর বয়ে আনুক সবার জন্য অনাবিল সুখ, শান্তি ও সমৃদ্ধি।আসুন আমরা সবাই সম্মিলিতভাবে একটি উন্নত, সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠন করি- নতুন বছরে এই হোক আমাদের অঙ্গীকার।সবাইকে বাংলা নতুন বছরের আন্তরিক শুভেচ্ছা।শুভ নববর্ষ।

পরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণ থেকে উপাচার্য মহোদয়ের নেতৃত্বে একটি আনন্দ শোভাযাত্রা বের হয়ে শহরের সিও অফিস মোড় প্রদক্ষিণ করে ক্যাম্পাসে ফিরে আসে।এরপর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। তারা নাচ, গান, আবৃত্তি, একক অভিনয়সহ বিভিন্ন পরিবেশনায় দিনভর সবাইকে মাতিয়ে রাখেন।

অনুষ্ঠানে বিভিন্ন গণমাধ্যমে কর্মরত পিরোজপুরের সাংবাদিকবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

নতুন বছর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:04

URL: https://www.timestodaybd.com/public/barishal/917827760